শরতে আজ কোন্ অতিথি এল প্রাণের দ্বারে ।
আনন্দগান গা রে হৃদয়,   আনন্দগান গা রে ॥
নীল আকাশের নীরব কথা   শিশির-ভেজা ব্যাকুলতা
বেজে উঠুক আজি তোমার বীণার তারে তারে ॥
শষ্যক্ষেতের সোনার গানে   যোগ দে রে আজ সমান তানে,
ভাসিয়ে দে সুর ভরা নদীর অমল জলধারে ।
যে এসেছে তাহার মুখে   দেখ্ রে চেয়ে গভীর সুখে,
দুয়ার খুলে তাহার সাথে বাহির হয়ে যা রে ॥

---

Parjaay: Prakriti / Sharat, Taal: Teyora, Style: Baul
Visit www.geetabitan.com for notation and other detail